DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 08:15 PM

আন্তর্জাতিক

# ন্যাটো সম্মেলনের আগে ইউক্রেনে ব্যাপক ক্ষেপণাস্ত্র হামলা রাশিয়ার, নিহত ২০

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৭ জুলাই ২০২৬, ১১:১০ AM



এক সপ্তাহেরও কম সময়ের মধ্যে ইউক্রেনে দ্বিতীয়বারের মতো ব্যাপক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। এতে দেশটির রাজধানী কিয়েভে ১৪ জনসহ অন্তত ২০ জন নিহত হয়েছেন। হামলায় এক ডজনেরও বেশি বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়েছে।

স্থানীয় সময় সোমবার (৬ জুলাই) ভোরের দিকে চালানো এই হামলায় অন্তত ৪৬ জন আহত হয়েছেন বলে নিশ্চিত করেছেন কিয়েভের সামরিক প্রশাসনের প্রধান তৈমুর তকাচেনকো। খবর আল জাজিরার।

কর্তৃপক্ষ জানিয়েছে, কিয়েভের আশেপাশের জেলাগুলোতে আরও ছয়জন নিহত এবং অন্তত ১০ জন আহত হয়েছেন। ইউক্রেনের সামরিক বাহিনীর তথ্যমতে,  রাতভর রাশিয়া ৬৮টি ক্ষেপণাস্ত্র এবং ৩৫১টি ড্রোন নিক্ষেপ করেছে।

দ্য কিয়েভ ইন্ডিপেনডেন্ট জানিয়েছে, স্থানীয় সময় রাত আনুমানিক ১টা ৪০ মিনিটে প্রথম বিস্ফোরণের শব্দ শোনা যায়। এরপর রাত ২টা ১০

মিনিট এবং ৩টা ১৫ মিনিটে আরও কয়েকটি হামলা চালানো হয়। অনলাইন নিউজ পোর্টালটি আরও জানায়, পুরো ইউক্রেন জুড়ে বিমান হামলার সাইরেন বেজে উঠলে হাজার হাজার বাসিন্দা ভূগর্ভস্থ আশ্রয়কেন্দ্রে ঠাঁই নেন।

এর আগে, রোববার (৫ জুলাই) রাতে দেওয়া এক ভাষণে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি সতর্ক করে বলেছিলেন, চলতি সপ্তাহে তুরস্কে অনুষ্ঠিতব্য ন্যাটো শীর্ষ সম্মেলনের আগে রাশিয়া আরেকটি হামলা চালাতে পারে। মঙ্গলবার (৭ জুলাই) থেকে শুরু হতে যাওয়া এই সম্মেলনের ফাঁকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকের কথা রয়েছে তার।

গত সপ্তাহের শেষের দিকে কিয়েভে ডজন খানেক ক্ষেপণাস্ত্র এবং শত শত ড্রোন দিয়ে হামলা চালায় রাশিয়া। সেই হামলায় অন্তত ৩১ জন নিহত হন। চলতি বছরে কিয়েভে চালানো হামলাগুলোর মধ্যে এটিই ছিল সবচেয়ে প্রাণঘাতী।

এদিকে সোমবার ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইউক্রেন যুদ্ধের একটি সমাধান “মানুষ যতটা ভাবছে তার চেয়েও কাছাকাছি চলে এসেছে”। যদিও যুদ্ধবিরতির আলোচনার অগ্রগতি নিয়ে সুনির্দিষ্ট কোনও তথ্য দিতে পারেননি তিনি।

---

## এ বিভাগের আরও খবর



**আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুতে হামলার হুমকি ট্রাম্পের**
যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তেহরান সমঝোতার পথে না এলে আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুগুলোতে যুক্তরাষ্ট্রের...



**বীজ বিক্রেতা থেকে যেভাবে বিশ্বসেরা কফি ব্র্যান্ড হলো স্টারবাকস**
সময়টা ১৯৮৩ সাল। স্টারবাকস তখন কেবল কফির বীজ বিক্রির একটি সাধারণ প্রতিষ্ঠান। আর হাওয়ার্ড শুল্টজ ছিলেন সেই কোম্পানির মার্কেটিং ডিরেক্টর। ব্যব...



**যৌন নিপীড়নের দায়ে অবশেষে ৫৬ লাখ ডলার জরিমানা দিলেন ট্রাম্প**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অবশেষে লেখক ও সাবেক কলামিস্ট ই. জিন ক্যারলকে যৌন নিপীড়ন ও মানহানি মামলায় আদালতের নির্দেশ অনুযায়ী ৫৬ লাখ...



**মার্কিন হামলায় ইরানে নিহত ৩০**

ইরানের দক্ষিণাঞ্চলে সাম্প্রতিক মার্কিন হামলায় ৩০ জনেরও বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছেন বলে দাবি করেছে তেহরান। বুধবার দেশটির সরকারি মুখপাত্র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/njato-smmelner-age-iukrene-bjapk-kshepnastr-hamla-rashiyar-niht-20